

Times Today BD

ডেস্ক রিপোর্ট | ঢাকা | 30 March, 2025

ঈদুল ফিতরকে কেন্দ্র করে দর্শনার্থীদের জন্য ব্যাপক প্রস্তুতি নিয়েছে নারায়ণগঞ্জের বিনোদন কেন্দ্রগুলো। দর্শনার্থীদের বরণ করে নিতে পরিষ্কার-পরিচ্ছন্নসহ নানাভাবে সাজিয়ে তোলা হচ্ছে বিনোদন কেন্দ্রগুলো। আর দর্শনার্থীরা যাতে নিরাপদে ঈদ আনন্দ উপভোগ করতে পারে এ জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে নেওয়া হয়েছে কড়া নিরাপত্তা।

রবিবার (৩০ মার্চ) নারায়ণগঞ্জের বিনোদন কেন্দ্রগুলোতে ঘুরে এমন চিত্র দেখা গেছে। পার্কগুলো ধুয়ে মুছে পরিষ্কার করার পাশাপাশি ঈদ উপলক্ষে দর্শনার্থীদের ভ্রমণের জন্য দেওয়া হয়েছে বিশেষ ছাড়।

যার মধ্যে রয়েছে নগরীর শেখ রাসেল পার্ক বর্তমানে যা নারায়ণগঞ্জ সিটি পার্ক এবং জল্লার পাড় লেক। যা নগরবাসীর অন্যতম বিনোদন কেন্দ্র হিসেবে পরিচিত। যা সবার জন্য উন্মুক্ত।

সরেজমিনে নারায়ণগঞ্জের পঞ্চবটী এলাকায় অবস্থিত এডভেঞ্চার ল্যান্ড পার্কে গিয়ে দেখা যায়, সেখানে পরিষ্কার করে প্রস্তুত করা হয়েছে রাইডগুলো। ছোট-বড় সবার জন্য রয়েছে নানা ধরনের রাইড। যার মধ্যে রয়েছে বাম্পার কার, সুইমিংপুল, স্লিপার, সুইং চেয়ার, টপ টাওয়ারের মতো বিশেষ রাইডগুলো।

এডভেঞ্চার ল্যান্ড পার্কের ম্যানেজিং ডিরেক্টর জসিম উদ্দিন বলেন, ঈদে মানুষের ব্যাপক চাপ থাকবে সে কথা চিন্তা করে আমাদের নিরাপত্তার কোনো ঘাটতি নেই। পাশাপাশি আমরা অতিরিক্ত কর্মী নিয়েছি। ঈদ উপলক্ষে আমাদের বিশেষ ছাড়ের ব্যবস্থা রয়েছে। আশা করছি মানুষজন আসবে আমরা আমাদের প্রস্তুতি নিয়ে রেখেছি। সারাক্ষণ মনিটরিং থাকবে যাতে কোনো ধরনের সমস্যা না হয় এবং ২০০ টাকা প্যাকেজ মূল্যে প্রবেশাধিকার।

নগরীর খানপুর এলাকার চৌরঙ্গী ফ্যান্টাসি পার্কে গিয়ে দেখা যায়, সেখানেও প্রস্তুত রাইডগুলো। এখনো পার্ক পরিষ্কার পরিচ্ছন্ন করা হচ্ছে।

প্রতি ঈদেই পার্কগুলোতে থাকে উপচেপড়া ভীড়। এর মধ্যে রয়েছে এবার পবিত্র ঈদুল ফিতরের টানা ৯ দিনের

লম্বা ছুটি বিনোদন কেন্দ্রগুলোতে ব্যাপক লোক সমাগম হবে বলে ধারণা করা হচ্ছে।

ঈদে বন্ধুবান্ধব বা পরিবার-পরিজন নিয়ে ঘুরতে বের হয় অনেকে। ঈদকেন্দ্রিক এ ঘোরাঘুরিকে লক্ষ্য রেখে পার্ক গুলোতে রাখা হয়েছে বিশেষ আয়োজন।

যেখানে পার্কগুলো খোলা থাকবে সকাল ১০টা থেকে রাত পর্যন্ত।

নারায়ণগঞ্জের বিনোদন কেন্দ্রগুলোর মধ্যে অন্যতম বন্দরের ব্রহ্মপুত্র নদীর তীরে গড়ে ওঠা আনন্দ রিভার ভিউ পার্ক অ্যান্ড রিসোর্ট। ঈদকে কেন্দ্র করে পার্ক কর্তৃপক্ষ সংযোজন করেছে বিশেষ ধরনের বিনোদনের ব্যবস্থা। তারা এখন প্রস্তুত ঈদ উপলক্ষে দর্শনার্থীদের বরণ করে নিতে। যেখানে রয়েছে পরিবার নিয়ে নিরাপদে অবসর সময় কাটানোর ব্যবস্থা।

আনন্দ রিভার ভিউ পার্ক অ্যান্ড রিসোর্টের মালিক মারুফ আহমেদ বাবু বলেন, সব ধরনের নিরাপত্তা ব্যবস্থা রাখা হয়েছে। রয়েছে বিশ্বমানের বিনোদন ব্যবস্থা, চমৎকার ল্যান্ডস্কেপিং ও উত্তেজনাকর সব রাইডস নিয়ে তৈরি এ পার্ক। সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত খোলা থাকবে। সাঁতার কাটা যাবে সুইমিং পুলে এবং সেই সাথে রয়েছে রেস্তুরেন্ট।

তবে পার্ক মালিকরা আশা করছেন, ঈদুল ফিতরের ছুটিতে বিনোদন কেন্দ্রগুলোতে বিনোদন প্রেমী মানুষের উপচে পড়া ভিড় থাকবে। ঈদের দিন থেকে অন্তত এক সপ্তাহজুড়ে দর্শনার্থীর সমাগমে মুখর থাকবে বিনোদন কেন্দ্রগুলো।

ঈদুল ফিতর দর্শনার্থী বিনোদন কেন্দ্র

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:41

URL: <https://timestodaybd.com/dhaka/208775807>